# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫০৩

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

## আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ اللَّهَ تَعَالَى حَرَّمَ الْخَمْرَ وَالْمَيْسِرَ وَالْكُوبَةَ وَقَالَ: كُلُّ مُسْكِرٍ حَرَامٌ . قِيلَ: الْكُوبَةُ الطَّبْلُ. رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي شعب الْإِيمَان

## বাংলা

৪৫০৩-[১৫] আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয় আল্লাহ তা’আলা মদপান করা, জুয়া খেলা এবং ঢোল বাজানো হারাম করেছেন এবং বলেছেনঃ প্রত্যেক নেশা সৃষ্টিকারী বস্তু হারাম। কেউ কেউ বলেছেনঃ কূবাহ্ অর্থ ’’তবলা’’। (বায়হাক্বী- শু’আবুল ঈমান)[1]

## ফুটনোট

[1] সহীহ : শু‘আবুল ঈমান ৫১১০, আবূ দাঊদ ৩৬৯৬, আহমাদ ২৪৭৬, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাক্বী ৬১৬৪, সহীহ ইবনু হিব্বান ৫৩৬৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২১৫১৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ اللهَ تَعَالَى حَرَّمَ الْخَمْرَ وَالْمَيْسِرَ وَالْكُوبَةَ) নিশ্চয় আল্লাহ তা‘আলা হারাম করেছেন মদ, জুয়া এবং তবলা বাজানোকে এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন- প্রত্যেক নেশা জাতীয় দ্রব্য হারাম। অর্থাৎ যে জিনিসে অধিক পরিমাণে খেলে নেশা হয় তা অল্প খাওয়াও হারাম। হাদীসে ব্যবহৃত كُوبَةً শব্দের একাধিক অর্থ হতে পারে। কেউ বলেন, নারদ বা গুটি খেলা। কেউ বলেন, ছোট তবলা। আবার ‘কামূস’ গ্রন্থে আছে- তা হলো গুটি খেলা এবং দাবা (পাশা/শতরঞ্জ) খেলা। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75227

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন